আর্থিক লিপি

কলকাতা বৃহস্পতিবার, ১১ ডিসেম্বর ২০২৫
Kolkata, Thursday,December 11, 2025
Arthik Lipi, Page-9



# মেমারির বড় পলাশনে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে এক কর্মীর মৃত্যু



কৃষ্ণ সাহা ঃ বুধবার পূর্ব বর্ধমান জেলার, মেমারি-২ নম্বর ব্লকের অন্তর্গত বড় পলাশন ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বড় পলাশন গ্রামে তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীর কর্মীদের মধ্যে বচসাকে কেন্দ্র করে মৃত্যু হল এক তৃণমূল কর্মীর। মৃতের নাম লালটু সিকদার। তিনি মন্তেশ্বর বিধানসভার বিধায়ক সিদ্দিকুল্লাহ চৌধুরীর গোষ্ঠীর কর্মী বলে পরিবার সূত্রে জানা গেছে।পরিবারের দাবি, ঘটনার আগের দিন মঙ্গলবার লালটু সিকদার সাতগেছিয়া বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন। পরদিন সকালে অর্থাৎ বুধবার বড় পলাশনের একটি চায়ের দোকানে প্রাক্তন ব্লক সভাপতি মহঃ ইসমাইল গোষ্ঠীর তৃণমূল কর্মী তারু শেখের সঙ্গে বইমেলা সংক্রান্ত বিষয় নিয়ে উত্তেজনামূলক কথাবার্তা হয় লালটুর। সেই নিয়েই দু'জনের মধ্যে বচসা শুরু হয়।অভিযোগ, বচসার একপর্যায়ে তারু শেখ লালটু সিকদারকে মারধর করেন। মারধরের সময় বুকে প্রেসার মেশিনের ধাক্কা লাগায় গুরুতর অসুস্থ হয়ে পড়েন লালটু। পরিবার সূত্রে দাবি, ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। পরে তড়িঘড়ি তাঁকে মেমারি হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন।এই ঘটনায় গোটা এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় মেমারি থানার পুলিশ। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। বড় পলাশনে তৃণমূলের দুই গোষ্ঠীর সংঘর্ষে এক কর্মীর মৃত্যুকে কেন্দ্র করে এবার তীব্র প্রতিক্রিয়া জানাল বিজেপি। পূর্ব বর্ধমান জেলা বিজেপির সাধারণ সম্পাদক দেবজ্যোতি সিংহ রায় ঘটনাকে কেন্দ্র করে বলেন, ''মন্তেশ্বর বিধানসভায় তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব নতুন কোনও বিষয় নয়। এটা বহুদিন ধরেই চলেছে। ক্ষমতার লড়াই, প্রভাব বিস্তার এবং অভ্যন্তরীণ কোন্দলের জেরে বারবার অশান্তির পরিবেশ তৈরি হচ্ছে''। তিনি আরও বলেন, ''সম্প্রতি মেমারি বইমেলা অনুষ্ঠানকে কেন্দ্র করে মন্ত্রী সিদ্দিকুল্লাহ চৌধুরীর গোষ্ঠীর সঙ্গে ইসমাইল গোষ্ঠীর সংঘর্ষ হয়। সেই সংঘর্ষের জেরেই মন্ত্রীর ঘনিষ্ঠ একজন কর্মী গুরুতর জখম হন এবং শেষ পর্যন্ত তাঁর মৃত্যু হয়। এটা অত্যন্ত মর্মান্তিক বিষয়ক্ষ্ম।বিজেপি নেতৃত্ব মৃত কর্মীর পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে বলেন, ''কোনও মৃত্যুই কাঙ্ক্ষিত নয়;সে যে দলেরই হোক না কেন। কিন্তু বারবার যদি শাসক দলের অভ্যন্তরীণ কোন্দলের জেরে সাধারণ কর্মীদের প্রাণ হারাতে হয়, তাহলে তার দায় কে নেবে? এর পুরো দায় রাজ্যের শাসক দলকেই নিতে হবেক্ষ্ম।জেলা বিজেপি সাধারণ সম্পাদকের অভিযোগ, ''পূর্ব বর্ধমান জেলায় তৃণমূল এখন একাধিক গোষ্ঠীতে বিভক্ত। প্রশাসন কার্যত নীরব দর্শকের ভূমিকা পালন করছে। শাসক দলের অভ্যন্তরীণ লড়াইয়ে আইনশৃঙ্খলার পরিস্থিতি ভেঙে পড়ছে। সাধারণ মানুষ এবং তৃণমূলের সাধারণ কর্মীরাই এর বলি হচ্ছেন।

# অ্যান্টি করাপশন ট্রাস্ট অফ ইন্ডিয়ার বার্ষিকী উদযাপন



নদিয়া : দেশ জুড়ে পালিত হলো আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস। অ্যান্টি করাপশন ট্রাস্ট অফ ইন্ডিয়ার পক্ষ থেকে কল্যাণী গয়েশপুর পৌরসভার উদ্যোগে এক বিরাট অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হলো। প্রদীপ প্রজ্জ্বলন করে দিনটির শুভ সূচনা করেন সংগঠনের চেয়ারপার্সন লক্ষ্মী বিশ্বাস। ছিলেন সংগঠনের মুখ্য উপদেষ্টা কাজল বিশ্বাস, ন্যাশনাল সেক্রেটারি চন্দ্র ভান সাউ, অল হিউম্যান রাইটস এর চেয়ারম্যান মুরারি মোহন দাস, মহিলা দশ ভূজার সভাপতি নাম টা কি । সহ অন্যান্যরা। দুর্নীতির বিরুদ্ধে মানবতার পক্ষে চলমান ভারত বলবান ভারত এই স্লোগান নিয়ে সকলের জন্য জাস্টিস ফর পিস জাস্টিস ফর অল এই বার্তা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে এন্টি আন্টি করাপশন ট্রাস্ট অফ ইন্ডিয়ার পক্ষ থেকে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস দিনটি উদযাপন করলো সংগঠনের সদস্যরা। অ্যান্টি করাপশন ট্রাস্ট অফ ইন্ডিয়ার মুখ্য উপদেষ্টা কাজল বিশ্বাস জানান এবছর বাউন্ডার দের সম্মানিত করে তাদেরকে সুরক্ষিত করার শপথ নেওয়া হয়। পাশাপাশি ২০২৬ এ এক হাজারটি সামাজিক সংগঠনকে একসাথে নিয়ে এক ছাদের তলায় কাজ করার প্রেরণা দেওয়া হয়।

# নতুন প্রজন্ম ও থিয়েটারের ভবিষ্যৎ শীর্ষক আলোচনা



নিজস্ব প্রতিবেদকঃ শ্রীনগর হাবড়া নাট্যমিলন গোষ্ঠী প্রতি বছরের মত আয়োজন করেছিল ক্ষ্মনতুন প্রজন্ম ও থিয়েটারের ভবিষ্যৎক্ষ্ম শীর্ষক আলোচনা চক্র ও আন্তরিক মেলবন্ধনের আড্ডার।এই আলোচনা চক্রে অংশগ্রহণ করে জেলার বিভিন্ন প্রান্ত থেকে আসা নয়টি নাটকদল। খাঁটুরা চিত্রপট নাট্যদলের পক্ষ থেকে নাট্যকার নির্দেশক শুভাশীষ রায়চৌধুরী, অভিনেতা সুরজিত হালদার, অভিনেতা তপন রায়চৌধুরী, গোবরডাঙ্গা নাবিক নাট্যম থেকে নির্দেশক জীবন অধিকারী, গোবরডাঙ্গা পড়শী নাট্যদলের নির্দেশক সৌমেন ভট্টাচার্য্য, গোবরডাঙ্গা নাট্যায়নের নির্দেশক নারায়ণ বিশ্বাস, অভিনেত্রী এবং সঙ্গীতশিল্পী নমিতা বিশ্বাস, অভিনেত্রী এবং সঙ্গীতশিল্পী সোনালী দাস, গাইঘাটা বাগনা আলো নাট্য সংস্থার নাট্যকার নির্দেশক জয়ন্ত চক্রবর্তী, অশোকনগর বিদ্যাসাগর বাণীভবন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও দত্তপুকুর দৃষ্টি নাট্য সংস্থার অভিনেতা ড.মনোজ ঘোষ, ঠাকুরনগর থিয়েট্রিক্স মাইম গ্রুপের নির্দেশক জগদীশ ঘরামি, মাইম অভিনেতা কমল দে ও শিবম হালদার, হাবড়া নান্দনিকের অভিনেতা তিমির বিশ্বাস ও পার্থ দাস, শ্রীনগর হাবড়া নাট্য মিলন গোষ্ঠীর নাট্যকার নির্দেশক দিলীপ ঘোষ, অভিনেত্রী মাধুরী ঘোষ, অভিনেতা সুব্রত দাস, বিউটি সর্দার,মলয় বিশ্বাস, বাপী দাস, মিঠু রায়, গৌতম হালদার, রবীন্দ্রনাথ সরকার, মুন্নী বিশ্বাস। উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক আশিস কুমার ঘোষ এবং নীরেশ ভৌমিক। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন প্রধান শিক্ষক ও অভিনেতা ড.মনোজ ঘোষ মহাশয়। সঙ্গে নৃত্য পরিবেশন করে মুন্নী বিশ্বাস। এরপর শুরু হয় আলোচনা চক্র ক্ষ্মনতুন প্রজন্ম ও থিয়েটারের ভবিষ্যৎক্ষ্মশীর্ষক আলোচনা। আলোচনায় মনোজ বাবু বলেন - অভিনেতা ও শিক্ষক হয়ে নিজে এবং বহু ছাত্রছাত্রীদের থিয়েটারের কাজ করাচ্ছি এবং করছি। মনে হয় এই প্রচেষ্টা থিয়েটারের ভবিষ্যৎ উজ্জ্বল করবে। সৌমেনবাবু বলেন-আমরা যেভাবে থিয়েটারের কাজ করছি, তাতে আমাদের ভবিষ্যৎ উজ্জ্বল, কিন্তু থিয়েটারে শিক্ষানবিশদের প্রতি আরো আন্তরিক হতে হবে। জীবনবাবু শীর্ষক আলোচনাকে কিছুটা এড়িয়ে গিয়ে বলেন -যার যার থিয়েটার স্বমহিমায় ধরে রাখতে পারলেই ঠিক আছে,এর বেশি প্রয়োজন নেই। পরিচালক শুভাশীষ রায়চৌধুরী বলেন-থিয়েটারে ছোট বড় ভেদাভেদ কমতে হবে। ছোটরা যেমন বড়দের থেকে শিখবে, তেমনি বড়দের ও ছোটদেরকে ভীষণ আন্তরিক ভাবে শেখাতে হবে, বোঝাতে হবে, তাহলে থিয়েটারের স্বমহিমা। অভিনেতা তিমির বিশ্বাস বলেন -আমরা থিয়েটারের কথা ভাবলেই থিয়েটার তার গতিতে চলবে,এটাই তার ভবিষ্যত। সাংবাদিক নীরেশ ভৌমিক বলেন -আপনারা থিয়েটার করেন আর আমরা সেটা দেখি।আমরা সেটা দেখে মুগ্ধ হলে থিয়েটারের স্বার্থকতা, থিয়েটারের ভবিষ্যৎ উজ্জ্বল। অভিনেতা তপন রায়চৌধুরী বলেন -থিয়েটারে শিল্পের উৎকর্ষতার সঙ্গে শিল্পীর মর্যাদা ঠিক থাকলে থিয়েটার তার ভবিষ্যত স্বমহিমায় দেখবে। পরিচালক জয়ন্ত চক্রবর্তী বলেন -থিয়েটারের ভবিষ্যত উজ্জ্বল করার জন্য স্কুল থিয়েটারের উপর গবেষণা করছি নূতন জেনারেশন তৈরি করার জন্য। সবাই এমনভাবে ভাবলে থিয়েটার আরো পাঁচ হাজার বছর পার করে ফেলবে।মাইম পরিচালক জগদীশ ঘরামি বলেন -থিয়েটারে যেমন সোনার চামচ নিয়ে জন্ম নিয়ে থিয়েটারে প্রাণ ঢেলে দিচ্ছে, তেমনি সারা দিন গায়ের ঘাম পায়ে ফেলে রোজগার করে এনে পরিবার বাঁচিয়ে থিয়েটারে প্রাণ ঢেলে দিচ্ছে।এই খেটে খাওয়া মানুষের লড়াই এর অস্তিত্ব রক্ষা হলে থিয়েটারের ভবিষ্যৎ আরও উজ্জ্বল। সর্বকনিষ্ঠ বক্তা অভিনেতা সুরজিত হালদার বলেন -আমি একজন জুনিয়র অভিনেতা। আমি যদি আমার সিনিয়রদের শিক্ষাগুরু ভেবে নিতে পারি এবং সবাই সেই ভাবনা নিয়ে এগিয়ে চলে, তাহলে থিয়েটারের গৌরব অনেক গুন গিয়ে থিয়েটারের ভবিষ্যৎ জ্বল জ্বল করবে। সর্বশেষে নাট্যকার নির্দেশক দিলীপ ঘোষ বলেন -যে কোনো কঠিন কাজে সফল হতে হলে বাঁধার পর বাঁধা আসবে। থিয়েটারে সেই বাঁধা অনেক বেশি। সেই বাঁধা অতিক্রম করতে একে অপরের সহযোগিতার হাত বাড়িয়ে না দিয়ে একেক্ষতির চেষ্টা করে, তাহলে থিয়েটারের ভবিষ্যৎ মুখ থুবড়েপড়তে বেশি দিন সময় লাগবে না। তিনি আহ্বান করেন, আগামীত দশটি দল নয়, একশোটি দল এক হয়ে কাজ করি। অনুষ্ঠানে থিয়েটারের গান পরিবেশন করেন দিলীপ ঘোষ, মনোজ ঘোষ, জীবন অধিকারী। আবৃত্তি পরিবেশন করেন নীরেশ ভৌমিক। সঙ্গীত পরিবেশন করেন নমিতা বিশ্বাস, সোনালী দাস, আশিস কুমার ঘোষ এবং জয়ন্ত চক্রবর্তী। সবশেষে শ্রীনগর হাবড়া নাট্য মিলন গোষ্ঠী শহীদ ক্ষুদিরাম বসুর ১৩৬তম জন্মদিনে তার আদর্শকে অনুসরণ করতে সকল থিয়েটার নিয়ে পরিবেশন করেন একবার বিদায় দে মা ঘুরে আসিক্ষ্ম।এই পরিবেশনে আপ্লুত হয়ে পড়েন সকল শিল্পীরা। সেই সঙ্গে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন সমগ্র অনুষ্ঠানের সঞ্চালক নাট্যকার নির্দেশক দিলীপ ঘোষ।

# ওলবেরিয়া জেলেপাড়ায় গ্রামবাসী ও শিক্ষার্থীদের সহায়তা প্রদান করল পূর্ব রেলের ইআরডাব্লুডাব্লুও



আর্থিক লিপি প্রতিবেদনঃ ইস্টার্ন রেলওয়ে উওমেন ওয়েলফেয়ার অর্গানাইজেশন সভাপতি সীমা দেউসকরের নেতৃত্বে, ৯ ডিসেম্বর ধপধপি স্টেশনের কাছে ওলবেরিয়া জেলে পাড়ায় একটি কল্যাণমূলক প্রচার কর্মসূচির আয়োজন করে।এই উদ্যোগের অংশ হিসেবে, ইআরডাব্লুডাব্লুও ৫১ জন গ্রামবাসীকে মুদিখানা, কম্বল, মাদুর, শাড়ি, তোয়ালে, স্যানিটারি ন্যাপকিন এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র বিতরণ করে। ওলবেরিয়া আবাহনিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদেরও সহায়তা প্রদান করা হয়, যেখানে ২৩ জন সুবিধাবঞ্চিত শিশু স্কুল ব্যাগ, স্টিলের প্লেট, অঙ্কনের উপকরণ, খেলার সামগ্রী, স্বাস্থ্যবিধি কিট এবং চপ্পল পেয়েছে।এছাড়াও, ইআরডাব্লুডাব্লুও স্কুলের পরিকাঠামো উন্নয়নের জন্য ডেস্ক, বেঞ্চ, মাদুর, ফুটবল, স্কিপিং রোপ এবং অন্যান্য উপকরণ দান করেছে।এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সীমা দেউসকর, সভাপতি গুঞ্জন নিগম, সচিব রীতা সিনহা এবং ইআরডাব্লুডাব্লুও-এর অন্যান্য একজিকিউটিভ সদস্যরা। গ্রামবাসী এবং শিক্ষার্থীরা সংগঠনের অর্থপূর্ণ সহায়তার জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

**OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER,**
**Uluberia-II Development Block**
**RAJAPUR: KARATBERIA: ULUBERIA: HOWRAH**

E-tender is invited by the B.D.O. on behalf of Uluberia-II Development Block for the work published in the website http://wbtender.gov.in

| NIeT No. | Download Start From | Download upto | Bid submission Close |
|---|---|---|---|
| HWZP/ULU-II/BDO/ NIeT-35/2025-26 | 25.11.2025, 18:30Hr | 23.12.2025, 10:30Hr | 23.12.2025, 11:00Hr |
| HWZP/ULU-II/BDO/ NIeT-36/2025-26 | 26.11.2025, 18:30 Hr | 25.12.2025, 12:00Hr | 25.12.2025, 12:30Hr |
| HWZP/ULU-II/BDO/ NIeT-37/2025-26 | 28.11.2025, 18:30 Hr | 29.12.2025, 09:30Hr | 29.12.2025, 10:00 Hr |

**Sd/- Block Development Officer**
**Uluberia-II, Dev. Block**
**Uluberia, Howrah**

**OFFICE OF THE**
**ULUBERIA-II PANCHAYAT SAMITI**
**RAJAPUR: KARATBERIA: ULUBERIA: HOWRAH**

E-tender is invited by the E.O. on behalf of Uluberia-II Panchayat Samity for the work published in the website http://wbtender.gov.in

| NIeT No. | Download Start From | Download upto | Bid submission Close |
|---|---|---|---|
| HWZP/ULU-II/PS/ NIeT-34/2025-26 | 18.11.2025, 18:30Hr | 13.12.2025, 14:30Hr | 13.12.2025, 15:00Hr |
| HWZP/ULU-II/PS/ NIeT-38/2025-26 | 01.12.2025, 09:00Hr | 13.12.2025, 08:30Hr | 31.12.2025, 09:00Hr |
| HWZP/ULU-II/PS/ NIeT-39/2025-26 | 01.12.2025, 09:00Hr | 31.12.2025, 08:30Hr | 31.12.2025, 09:00Hr |
| HWZP/ULU-II/PS/ NIeT-40/2025-26 | 04.12.2025, 18:30 Hr | 03.01.2026, 12:30Hr | 03.01.2026, 13:00 Hr |
| HWZP/ULU-II/PS/ NIeT-41/2025-26 | 04.12.2025, 18:30 Hr | 03.01.2026, 12:30Hr | 03.01.2026, 13:00 Hr |

**Sd/-**
**Executive Officer,**
**Uluberia-II Panchayat Samity**
**Rajapur, Karatberia, Howrah**

# অমৃত ভারত প্রকল্পের আওতায় ১,৩০০টিরও বেশি স্টেশন সংস্কার করা হচ্ছেঃ অশ্বিনী বৈষ্ণব



আর্থিক লিপি প্রতিবেদনঃ বৃহস্পতিবার লোকসভায় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব ভারতের চলমান রেলওয়ে স্টেশন পুনর্নির্মাণ অভিযানের মাত্রা এবং অগ্রগতি তুলে ধরেন। মন্ত্রী বলেন, আমি আপনার মাধ্যমে সমগ্র সংসদ এবং জাতিকে জানাতে চাই যে, গত ১১ বছরে প্রধানমন্ত্রী অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় স্টেশন পুনর্নির্মাণের জন্য একটি নতুন উদ্যোগ নিয়েছেন, যা সমগ্র বিশ্বের যেকোনো দেশের দ্বারা স্টেশন পুনর্নির্মাণের জন্য বৃহত্তম কর্মসূচি।১৩০০টিরও বেশি স্টেশন পুনর্নির্মাণ করা হচ্ছে, ১৬০টি স্টেশনের কাজ সম্পন্ন হয়েছে, এবং এটি পুরনো-ধাঁচের ঐতিহ্যবাহী পদ্ধতি থেকে আলাদা যেখানে কেবল রঙ করাকে স্টেশন উন্নয়ন হিসেবে বিবেচনা করা হত। এদিন আমরা একটি আন্তরিক মাস্টার প্ল্যান নিয়ে কাজ করছি, স্থানীয় স্থাপত্যকে গুরুত্ব দিচ্ছি, উভয় দিকে প্রবেশের পথ তৈরি করছি, যাত্রী হল এবং ফুট ওভারব্রিজ তৈরি করছি এবং আগামী ৫০ বছরের জন্য এটি পরিকল্পনা করছি।বৈষ্ণব উন্নত প্রবেশাধিকার এলাকা, সম্প্রসারিত পার্কিং জোন এবং নতুন যাত্রী-পরিচালনা ব্যবস্থাও তুলে ধরেছেন। দীপাবলি এবং ছট পুজোর সময় প্রস্তুত করা নয়াদিল্লি রেলওয়ে স্টেশন হোল্ডিং এরিয়ার উদাহরণ তুলে ধরে তিনি উল্লেখ করেন যে,

**EXIT OFFER PUBLIC ANNOUNCEMENT TO THE PUBLIC SHAREHOLDERS OF**

# CHANDI STEEL INDUSTRIES LIMITED

**CIN:** L13100WB1978PLC031670
**Registered Office:** 3, Bentinck Street, Kolkata- 700001; **Tel. No.:** 033 2248 9808 / 8173;
**Fax:** 033 2243 0021 / 2210 7893; **Email-Id:** chandisteelindustries@gmail.com; **Website:** www.chandisteel.com

This Exit Offer Public Announcement (**"Exit Offer PA"**) is being issued in accordance with Regulation 26 of the Securities and Exchange Board of India (Delisting of Equity Shares) Regulations, 2021 as amended (**"Delisting Regulations"**) by VC Corporate Advisors Private Limited (**"Manager to the Exit Offer"**), for and on behalf of Mr. Rajiv Jajodia (**"Acquirer 1"**), Mr. Aditya Jajodia (**"Acquirer 2"**), Mr. Vedang Jajodia (**"Acquirer 3"**) and Mr. Varun Jajodia (**"Acquirer 4"**) (hereinafter collectively referred to as the **"Acquirers"**), all forming part of the Promoters/ Promoter Group of Chandi Steel Industries Limited (hereinafter referred to as the **"Company"**/ **"CSIL"**), to provide the Remaining Public Shareholders (**"Remaining Shareholders"**) of CSIL an exit opportunity. The Acquirers intend to acquire 10,93,586 (Ten Lakhs Ninety-Three Thousand Five Hundred and Eighty-Six) issued, subscribed and paid-up equity shares representing 3.46% of the issued, subscribed and paid-up equity share capital of the Company held by the Remaining Shareholders. This Exit Offer PA is in continuation of and should be read in conjunction with the Detailed Public Announcement dated November 07, 2025 published on Monday, November 10, 2025 (**"DPA"**), the Letter of Offer dated November 07, 2025 (**"LOF"**) and the Post Offer Public Announcement dated November 25, 2025 published on Wednesday, November 26, 2025 (**"Post Offer PA"**) in accordance with Regulation 17(4) of the Delisting Regulations.

Capitalized terms used but not defined in this Exit Offer PA shall have the same meaning assigned to them as in the DPA, LOF, Post Offer PA and Exit Offer Letter (As defined below).

**1. INTIMATION OF DATE OF DELISTING:**

1.1 Following the closure of the Delisting Offer and in accordance with the Delisting Regulations, the Company applied for the delisting of its Equity Shares on Friday, November 28, 2025 from The Calcutta Stock Exchange Limited (**"CSE"**/ **"Stock Exchange"**) i.e., the only Stock Exchange where the Equity Shares of the Company were listed.

1.2 CSE vide its letter no. CSE/LD/DL/17039/2025 dated December 02, 2025 has communicated that the Equity Shares of the Company will be delisted from official list of CSE with effect from December 03, 2025 (**"Date of Delisting"**).

**DELISTING OF THE EQUITY SHARES OF THE COMPANY MEANS THAT THE EQUITY SHARES OF THE COMPANY CANNOT AND WILL NOT BE TRADED ON THE STOCK EXCHANGE THEREAFTER.**

**2. OUTSTANDING EQUITY SHARES AFTER DELISTING:**

2.1 In accordance with Regulation 26 of the Delisting Regulations and as announced earlier in the Post Offer PA, the Remaining Shareholders of the Company who did not or were not able to participate in the Reverse Book Building Process (**"RBB"**) or who unsuccessfully tendered their equity shares in RBB will be able to offer their Equity Shares to the Acquirers at the Price of Rs. 65/- (Rupees Sixty-Five Only) (**"Exit Price"**) for a period of one year starting from the Date of Delisting i.e., from Wednesday, December 03, 2025 to Wednesday, December 02, 2026 (**"Exit Period"**).

2.2 The Exit Offer Letter (**"Exit Offer Letter"**) in this regard shall be dispatched to the Remaining Shareholders whose names appear in the register of members of the Company as on Friday, December 05, 2025. In the event of any shareholder not receiving or misplacing their Exit Offer Letter, they may obtain a copy by writing to the Registrar to the Exit Offer i.e., Maheshwari Datamatics Private Limited, clearly marking the envelope **"CSIL- EXIT OFFER"** at 23, R. N. Mukherjee Road, 5th Floor, Kolkata - 700 001. Alternatively, the soft copy of the Exit Offer Letter may be downloaded from the website of the Company at www.chandisteel.com and Manager to the Exit Offer at www.vccorporate.com.

**3. PAYMENT OF CONSIDERATION TO REMAINING SHAREHOLDERS:**

Subject to the fulfilment of the terms and conditions mentioned in the Exit Offer Letter, the Acquirers shall make payment on monthly basis within 15 days of the end of the relevant calendar month (**"Monthly Payment Cycle"**) in which the equity shares have been validly tendered. The first Monthly Payment Cycle shall commence in 15 days from January 01, 2026 for Equity Shares validly tendered upto December 31, 2025. Payments will be made only to those Remaining Shareholders who have validly tendered their Equity Shares by following the instructions laid out in the Exit Offer Letter and theTender Form enclosed therewith (**"Tender Form"**). Please note that the Acquirers reserve the right to make payments earlier.

If the Public Shareholders have any query, they may contact the Manager to the Exit Offer or the Registrar to the Exit Offer (details appearing below).

| MANAGER TO THE EXIT OFFER: | REGISTRAR TO THE EXIT OFFER: |
|---|---|
| **VC Corporate Advisors Private Limited**<br>**SEBI REGN No.:** INM000011096<br>**Validity of Registration:** Permanent<br>**CIN:** U67120WB2005PTC106051<br>(**Contact Person:** Ms. Urvi Belani / Mr. Premjeet Singh)<br>31, Ganesh Chandra Avenue, 2nd Floor, Suite No. -2C, Kolkata-700 013<br>**Phone No.:** 033- 2225 3940<br>**Email Id:** mail@vccorporate.com<br>**Website:** www.vccorporate.com | **Maheshwari Datamatics Private Limited**<br>**SEBI REGN No.:** INR000000353<br>**Validity of Registration:** Permanent<br>**CIN:** U20221WB1982PTC034886<br>(**Contact Person:** Mr. Ravi Bahl)<br>23, R. N. Mukherjee Road, 5th Floor, Kolkata - 700 001<br>**Tel No.:** 033-2243 5029<br>**Email:** contact@mdplcorporate.com<br>**Website:** www.mdpl.in |

**For and on behalf of the Acquirers:**

**Sd/-** **Rajiv Jajodia** | **Sd/-** **Aditya Jajodia** | **Sd/-** **Vedang Jajodia** | **Sd/-** **Varun Jajodia**

**Date: 10.12.2025** **Place: Kolkata**

Bandhan Bank | আঞ্চলিক কার্যালয় : নেতাজী মার্গ, মিঠাখলী সিক্স রোড, এলিস ব্রীজ, আহমেদাবাদ-6 । ফোন: +91-79-26421671-75

## প্রতীকী দখলের বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজ়েশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, 2002-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুল্স, 2002-এর বিধি 3 পাঠ সহ বিভাগ 13(12)-এর অধীনে প্রদত্ত ক্ষমতাবলে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, অতঃপর বিবৃত অ্যাকাউন্টের বিপরীতে উল্লেখিত তারিখে অধিকারপ্রাপ্ত আধিকারিক ঋণগ্রহীতাদের প্রতি দাবির বিজ্ঞপ্তি জারি করেছিলেন উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে 60 দিনের মধ্যে ধনরাশি পরিশোধের আহ্বান জানিয়ে। ঋণগ্রহীতা ধনরাশি পরিশোধে ব্যর্থ হওয়ায়, সাধারণভাবে জনগণকে এবং বিশেষভাবে ঋণগ্রহীতাদের ও গ্যারান্টরদের এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের বিধি 8 পাঠ সহ বিভাগ 13-এর উপ-বিভাগ (4)-এর অধীনে তাঁর উপর প্রদত্ত অধিকারবলে এখানে নিম্নে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল নিয়েছেন অ্যাকাউন্টের বিপরীতে উল্লেখিত তারিখে। বিশেষভাবে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করে দেওয়া হচ্ছে সম্পত্তিটি নিয়ে ডিল না-করতে এবং সম্পত্তিটি নিয়ে ডিলিং হবে ধনরাশি, সুদ, ব্যয় আর তার ওপর চার্জসমূহের জন্য ব্যাঙ্কের চার্জের সাপেক্ষে। সিকিয়োর্ড সম্পদ পুনরুদ্ধার করার জন্য, লভ্য সময় সম্পর্কে আইনটির বিভাগ 13-এর উপ-বিভাগ (8)-এর বিধানের প্রতি ঋণগ্রহীতাগণ* বন্ধকদাতাগণের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

| ঋণগ্রহীতাদের নাম, এবং লোন অ্যাকাউন্ট নং. | বন্ধকি সম্পত্তির বিবরণ (সিকিয়োর্ড সম্পদ) | দাবির বিজ্ঞপ্তির তারিখ | দাবির বিজ্ঞপ্তির তারিখ | দাবি বিজ্ঞপ্তির তারিখে বকেয়া ধনরাশি |
|---|---|---|---|---|
| শ্রীযুক্ত সুরজিৎ প্রধান শ্রীমতী বুল্তি প্রধান 20002380000209, 20002380000190 | সমগ্র স্থাবর সম্পত্তিটি অবস্থিত দাগ নং.-670, জেএল নং.-207, খতিয়ান নং.-17, শ্যামবল্লভপুর, প্রশাসনিক ক্ষেত্রফল প্রায় 122.3 বর্গমিটার সুপার বিল্ট-আপ এরিয়া, মৌজা-উদয়রাজপুর, থানা-গোঘাট, আরামবাগ, জেলা-হুগলি, পশ্চিমবঙ্গ-712616-এ এবং পরিবেষ্টিত যথাক্রমে - উত্তরে - রাস্তা, পূর্বে - চিত্তরঞ্জন সামন্তের খালি জমি, পশ্চিমে - রাস্তা, দক্ষিণে - চিত্তরঞ্জন সামন্তের বাড়ি/জমি | ফেব্রুয়ারী 26, 2025 | ডিসেম্বর 5, 2025 | টা.11,07,177.84 (ফেব্রুয়ারি 15, 2025 তারিখ অনুযায়ী) |
| শ্রীযুক্ত গোপীনাথ মাইতি শ্রীমতী দেবযানী মাইতি 20007810000387 | 83.4 বর্গমিটার ল্যান্ড এরিয়া এবং 78.99 বর্গমিটার সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট বাংলোটির অবস্থিত ফাইনাল প্লট নং.-এলআর 505, 518, 524, 525, সার্ভে নং.-খতিয়ান নং.-1860, ব্লক/বিল্ডিং নং.-জে.আই.-44, হাউস নং.-খতিয়ান নং.-1860, ফ্লোর- প্রযোজ্য নয়, বিল্ডিং/সোসাইটির নাম- মৌজা-বড়দিঘুই, রাস্তার নং./নাম-শ্যামপুর গ্রাম পঞ্চায়েত, এরিয়া-থানা-পুরসুরা, শহর-তারকেশ্বর (এম), জেলা-হুগলি, পশ্চিমবঙ্গ-712412-এ এবং পরিবেষ্টিত যথাক্রমে - উত্তরে - কমন প্যাসেজ, পূর্বে - অভিজিৎ মাইতির সম্পত্তি, পশ্চিমে - কমন প্যাসেজ, দক্ষিণে - কমন প্যাসেজ | জুলাই 05, 2025 | ডিসেম্বর 05, 2025 | টা.6,00,858.88 (জুন 21, 2025 তারিখ অনুযায়ী) |
| শ্রীমতি মৌসুমী মান্না শ্রীযুক্ত সুনীল মান্না 20002470000170 | সমগ্র সম্পত্তিটি ফ্রি হোল্ড ল্যান্ড এবং উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি এবং প্রেমিসেস বাংলোটির পরিমাপ ল্যাণ্ড এরিয়া 283.33 বর্গমিটার এবং সুপার বিল্ট আপ এরিয়া 165.32 বর্গমিটার এবং এটি অবস্থিত ফাইনাল প্লট নং.-920, সার্ভে নং.-খতিয়ান নং.-1283, জেএল নং.-16, হাউস নং.-920, বিল্ডিংর নাম-নিজ নারাজোল, রাস্তার নাম-কিসমত নারাজোল, এরিয়া-দাসপুর, শহর-দাসপুর, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ-721211-এ এবং পরিবেষ্টিত যথাক্রমে - উত্তরে - পুকুর, পূর্বে - ব্রজেন্দ্র নাথ মান্না, পশ্চিমে - বিমল মান্না, দক্ষিণে - রাস্তা | জুন 26, 2025 | ডিসেম্বর 5, 2025 | টা.15,20,167.29 (জুন 21, 2025 তারিখ অনুযায়ী) |
| মোস্তফা মোল্লা চায়না বিবি 20007820000716 | 242.8 বর্গমিটার ল্যান্ড এরিয়া এবং 72.58 বর্গমিটার সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট সম্পত্তিটির অবস্থিত এলআর দাগ নং.-624, জেএল নং.-28, খতিয়ান নং.-500, এলআর খতিয়ান নং.-2571, অশোকনগর, গ্রাম-পুটিয়া, থানা-অশোকনগর, হাবড়া (এম), উত্তর 24 পরগনা, পশ্চিমবঙ্গ-এ এবং পরিবেষ্টিত যথাক্রমে - উত্তরে - হক বিশ্বাস, পূর্বে - হক বিশ্বাস, পশ্চিমে - সিরাজ সরদার, দক্ষিণে - 08 ফুট চওড়া পঞ্চায়েত রাস্তা | আগস্ট 13, 2025 | ডিসেম্বর 5, 2025 | টা.7,81,087.34 |
| দিলীপ ভুনিয়া দেবশ্রী ভুনিয়া 90000000563994 | সমগ্র সম্পত্তিটি ফ্রি হোল্ড ল্যান্ড এবং উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি এবং প্রেমিসেস আবাসিক ফ্ল্যাটটির পরিমাপ প্রায় 862.00 বর্গফুট এবং এটি অবস্থিত ফাইনাল প্লট নং./সার্ভে নং/বিল্ডিং নং.-, দেবশ্রী ভুইনা, ভবনের নাম-দেবশ্রী ভুনিয়া, রাস্তার নাম-প্লট নং.-40, খতিয়ান নং.-1430, জেএল নং.-247, শহর-পাঁশকুড়া-II, পশ্চিমবঙ্গ-721154-এ এবং পরিবেষ্টিত যথাক্রমে- উত্তরে - ভীমপদ ভুন্যা-এর বাস্তু, পূর্বে - কালীপদ দাস-এর বাস্তু, পশ্চিমে - মদন গায়েনের বাস্তু, দক্ষিণে - 6 ফুট চওড়া গ্রাম কংক্রিট রাস্তা | জুন 26, 2025 | ডিসেম্বর 5, 2025 | টা.14,94,876.01 |
| পঙ্কজ পাল প্রিয়ঙ্কা ঘোষ পাল 90001239173584, 90000000665365 | 1261 বর্গফুট পরিমাপ ল্যাণ্ড এরিয়া বিশিষ্ট সমগ্র সম্পত্তিটি অবস্থিত ফাইনাল প্লট নং.-1072, এলআর খতিয়ান নং.-6761, জেএল নং.-91, 01 বর্ধমান, কৃষ্ণদেবপুর, পাল পাড়া, পশ্চিমবঙ্গে এবং পরিবেষ্টিত যথাক্রমে - উত্তরে - রাস্তা, পূর্বে - রাস্তা, পশ্চিমে - অভয় সেনের বাড়ি, দক্ষিণে - সুদীপ্ত পালের বাড়ি | আগস্ট 07, 2025 | ডিসেম্বর 05, 2025 | টা.20,57,626.91 |
| শ্রীযুক্ত চন্দ্র শেখর বিশ্বাস শ্রীমতী কেয়া বিশ্বাস 90000000754452 | প্রায় 1427 বর্গফুট পরিমাপের সমগ্র সম্পত্তিটি অবস্থিত ফাইনাল প্লট নং./সার্ভে নং./বিল্ডিং নাম-ঝিকড়া, রাস্তার নাম-ঝিকড়া, শহর-গাইঘাটা, পশ্চিমবঙ্গ-743245-এ এবং পরিবেষ্টিত যথাক্রমে উত্তরে - শিব মল্লিকের জমি, পূর্বে - কিশোরী মোহন দত্তের জমি, পশ্চিমে - 15 ফুট চওড়া রাস্তা, দক্ষিণে - কিশোরী মোহন দত্তের জমি | জুলাই 29, 2025 | ডিসেম্বর 5, 2025 | টা.11,62,143.39 |
| শ্রীযুক্ত উত্তম কুমার মল্লিক শ্রীমতী ঝরণা মল্লিক 90001173464221 | সমগ্র সম্পত্তিটি ফ্রি হোল্ড ল্যান্ড এবং উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি এবং প্রেমিসেস আবাসিক ফ্ল্যাটটির পরিমাপ প্রায় 643.12 বর্গফুট এবং এটি অবস্থিত ফাইনাল প্লট নং.-962/2956, সার্ভে নং.-জেএল নং-.03, ফ্লোর নং./বিল্ডিং নং-উত্তম কুমার মল্লিক, বিল্ডিং/সোসাইটির নাম-খাতুল, রাস্তার নাম-খাতুল, পশ্চিমবঙ্গ-712611-এ এবং পরিবেষ্টিত যথাক্রমে - উত্তরে - প্রতাপ মল্লিক, পূর্বে - কালো নন্দী, পশ্চিমে - নির্মল চাংদার, দক্ষিণে - বিশ্বনাথ নন্দী | জুন 26, 2025 | ডিসেম্বর 5, 2025 | টা.7,85,410.06 |
| শ্রীযুক্ত গোকুল চন্দ্র দাস 71180000015141 | সমগ্র সম্পত্তিটি অবস্থিত প্লট নং.-1679, জে.এল. নং-40, খতিয়ান নং.-3273 (এল.আর.), পরিমাপ 3.333 ডেসিমেল, জমির প্রকৃতি-বাস্তু, মৌজা-জিয়াখালী, থানা-পাঁশকুড়া, জেলা-পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ-721641-এ এবং পরিবেষ্টিত যথাক্রমে - উত্তরে - ড্রেন, পূর্বে - কমন বারাম পথ, পশ্চিমে - পুলক দাস, দক্ষিণে - দীপক ধারা | ফেব্রুয়ারী 26, 2025 | ডিসেম্বর 5, 2025 | টা.7,64,761.53 |

**স্থান : পশ্চিমবঙ্গ**
**তারিখ : ডিসেম্বর 11, 2025**

**অধিকারপ্রাপ্ত আধিকারিক**
**বন্ধন ব্যাঙ্ক লিমিটেড**